



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন: ০২৩৩৩৩৭২০৬৩, মোবাইল: ০১৮৮৩০১১৭০১, ০১৩০৯১০৭৮১৮

Email: rgcchtbd@yahoo.com, Website: www.rangamaticollege.gov.bd

স্মারক নং- রাসক/

তারিখ: ২১/০৪/২০২৪ খ্রি.

## ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকায় বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ২১/০৪/২০২৪ থেকে ২৫/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, উক্ত মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থী কোনো শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত থাকলে অবশ্যই ২৪/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় বৈতনিক ভর্তির কারণে উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

এছাড়া ১ম মেধা তালিকায় ভর্তিকৃতদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হবে তাদেরকে পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে বিষয় পরিবর্তন হলে পূর্বের কোর্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং পরিবর্তিত বিষয়ে ভর্তি নিশ্চিত হয়ে যাবে।

১। নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে-


- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তির আবেদন ফরম এর মূলকপি;
- (খ) পূরণকৃত ভর্তি ফরম এবং ফি পরিশোধের Payslip এর মূলকপি;
- (গ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র;
- (ঘ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১ সেট;
- (ঙ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি- ২ কপি।


২। আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: [www.nu.ac.bd.admissions](http://www.nu.ac.bd.admissions) এর Honours Tab Honours REGULAR Application Login করে চূড়ান্ত আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
- (খ) ওয়েবসাইট: <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে নিম্নোক্ত User Name ও Password দিতে হবে।  
User Name: rangamatistudent  
Password: rangamatistudent
- (গ) Education Management System এর Admission এ গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে Hons, Select Department অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে।
- (ঘ) চাহিত তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করার পর Save বাটনে ক্লিক করলে ভর্তি ফিসহ পূরণকৃত আবেদন ফরম আসবে।
- (ঙ) শিক্ষার্থীর ভর্তির Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার জন্য SMS যাবে।
- (চ) তারপর শিক্ষার্থীকে Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৩। ফি'র পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ
বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)	৫,২০১/-
বিএসসি (অনার্স)- পদার্থবিজ্ঞান/প্রাণিবিদ্যা/উদ্ভিদবিজ্ঞান	৫,৯২১/-
বিএসসি (অনার্স)- গণিত	৬,০৭১/-

  
(প্রক্টর তুষার কান্তি বড়ুয়া)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
(রনজিত বিশ্বাস)  
আহ্বায়ক  
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৩-২৪  
রাঙ্গামাটি সরকারি কলেজ

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, ..... (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। তাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে এ বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।